

**B.A. 5th Semester (Programme) Examination, 2019-20**

**BENGALI**

**Course ID : 50114**

**Course Code : APBNG-503/GE-1**

**Course Title: আধুনিক কবিতা**

**Time: 2 Hours**

**Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

- (ক) জীবনানন্দ দাশের 'সমারূঢ়' কবিতার দুটি পঙ্ক্তি উল্লেখ করো।
- (খ) 'ইন্দ্র ধরেছে কুলিশ' কবিতায় 'কুলিশ' বলতে কী বোঝানো হয়েছে?
- (গ) 'আমি দেখি' কবিতার কেন্দ্রীয় বিষয় কী?
- (ঘ) আশ্রপালী কে? 'আশ্রপালী' কবিতায় মল্লিকা সেনগুপ্তের বক্তব্য বিষয় কী?
- (ঙ) 'হেমন্তের অরণ্য আমি পোস্টম্যান' — কবিতার স্তবক সংখ্যা কটি? 'পোস্টম্যান' বলতে কবি কী বুঝিয়েছেন?
- (চ) 'সবুজের অনটন ঘটে' — কীভাবে সবুজের অনটন ঘটে তা কবির অনুসরণে ব্যাখ্যা করো।
- (ছ) 'রাত্রি' কবিতায় জীবনানন্দ যে সকল অপশব্দকে কাব্যভাষ্য করেছেন যেগুলি উল্লেখ করো।
- (জ) 'মন্ত্রীমশাই' কবিতাটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে? এর মূল থিম কী?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

- (ক) 'আমি দেখি' কবিতা অবলম্বনে কবির পরিবেশভাবনার পরিচয় দাও।
- (খ) 'রাত্রি' কবিতার নামকরণের সার্থকতা বিশ্লেষণ করো।
- (গ) 'প্রবাস যাত্রা' কবিতা অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দাও।
- (ঘ) 'আকাশলীনা একটি চিত্ররসের কবিতা' — উক্তিটি অবলম্বনে কবিতাটির চিত্রশৈলীর পরিচয় দাও।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) 'যথ্যতি' কবিতায় মিথের নবনির্মাণ কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করো।
- (খ) 'মল্লিকা সেনগুপ্ত একাধারে নারীবাদী ও কবি' — উক্তিটির তাৎপর্য পাঠ্য কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো।
- (গ) "জীবনানন্দের 'রাত্রি' একাধারে সমকাল ও শাস্ত কালচেতনার কবিতা" — উক্তিটি অবলম্বনে 'রাত্রি' কবিতাটি বিশ্লেষণ করো।
- (ঘ) কবি শক্তি চট্টোপাধ্যায়-এর 'চতুরঙ্গ' কবিতার শৈলী বিচার করো।